লেখকের যেন কোন বক্তব্য নেই, কোন দৃষ্টিকোন নেই, আশ্চর্য এক নির্লিপ্তির সাথে তুমি তোমার গল্প বলে গেছ, গল্প বলা তো নয় এ যেন ছবি আঁকা। যাতে একটি রেখাও অযথা টানা হয়নি। আমাকে সবচে বিস্মিত করেছে তোমার পরিমিতিবোধ আর সংযম। এত অল্প বয়সে রচনায় এমন সংযম খুব কম দেখা যায়। তোমার লেখনী জয়যুক্ত হোক।

—আবুল ফজল

পড়ে আমি অভিভূত হলাম। গল্পে সবিস্ময়ে প্রত্যক্ষ করেছি একজন সুক্ষ্মদর্শী শিল্পীর, একজন কুশলী স্রষ্টার পাকাহাত। বাঙলা সাহিত্য ক্ষেত্রে এক সুনিপুণ শিল্পীর, এক দক্ষ রূপকারের, এক প্রজ্ঞাবান দ্রষ্টার জন্ম লগ্ন যেন অনুভব করলাম।

—ডঃ আহমদ শরীফ

বইখানা পড়বার সৌভাগ্য আমারও হয়েছে, নতুন করে যে কথা আমি বলতে পারতাম, সে কথা বলবার সময় এখনো আসেনি।

—সরদার জয়েন উদ্দীন (বই, জাতীয় গ্রন্থ কেন্দ্র)

হাসান হাফিজুর রহমান 'নন্দিত নরকের' প্রসঙ্গে মাণিক বন্দ্যোপাধ্যায়ের কথা উল্লেখ করলেন। 'নন্দিত নরকের' লেখক নাকি তাঁকে পুতুল নাচের ইতিকথার অসামান্য কথাশিল্পীকেই স্মরণ করিয়ে দিয়েছেন। মোহাম্মদ মাহফুজউল্লাহও উৎসাহিত আলোচনা করলেন 'নন্দিত নরকে' সম্পর্কে। বইটি পড়তেই হবে আমাকে। দোকানে গিয়ে পেলাম না।

—মৈনাক (দৈনিক বাংলা)

একবার পড়তে শুরু করলে শেষ না করে উঠতে ইচ্ছা করে না। তিনি যে একজন বিশিষ্ট জীবন শিল্পী তা পাঠকমাত্রই উপলব্ধি করবেন।

—দৈনিক পূর্বদেশ

হৃদয় দিয়ে লেখা অন্তরঙ্গ গাঁথা।

—বিচিত্রা

## ভূমিকা

মাসিক 'মুখপত্রে'র প্রথম বর্ষের তৃতীয় সংখ্যায় গল্পের নাম 'নন্দিত নরকে' দেখেই আকৃষ্ট হয়েছিলাম। কেননা ঐ নামের মধ্যেই যেন একটি নতুন জীবনদৃষ্টি, একটি অভিনব রুচি, চেতনার একটি নতুন আকাশ উঁকি দিচ্ছিল। লেখক তো বটেই, তাঁর নামটিও ছিল আমার সম্পূর্ণ অপরিচিত। তবু পড়তে শুরু করলাম ঐ নামের মোহেই।

পড়ে আমি অভিভূত হলাম। গল্পে সবিস্ময়ে প্রত্যক্ষ করেছি একজন সূক্ষ্মদর্শী শিল্পীর, একজন কুশলী স্রষ্টার পাকা হাত। বাঙলা সাহিত্যক্ষেত্রে এক সুনিপুণ শিল্পীর, এক দক্ষ রূপকারের, এক প্রজ্ঞাবান দ্রষ্টার জন্মলগ্ন যেন অনুভব করলাম।

জীবনের প্রাত্যাহিকতার ও তুচ্ছতার মধ্যেই যে ভিন্নমুখী প্রকৃতি ও প্রবৃত্তির জটাজটিল জীবনকাব্য তার মাধুর্য, তার ঐশ্বর্য, তার মহিমা, তার গ্লানি, তার দুর্বলতা, তার বঞ্চনা ও বিড়ম্বনা, তার শূন্যতার যন্ত্রণা ও আনন্দিত স্বপ্ন নিয়ে কলেবরে ও বৈচিত্র্যে স্ফীত হতে থাকে, এতো অল্প বয়সেও লেখক তাঁর চিন্তা চেতনায় তা ধারণ করতে পেরেছেন দেখে মুগ্ধ ও বিস্মিত।

বিচিত্র বৈষয়িক ও বহুমুখী মানবিক সম্পর্কের মধ্যেই যে জীবনের সামগ্রিক স্বরূপ নিহিত, সে উপলব্ধিও লেখকের রয়েছে। তাই এ গল্পের ক্ষুদ্র পরিসরে অনেক মানুষের ভীড়, বহুজনের বিদ্যুৎ দীপ্তি এবং খণ্ড খণ্ড চিত্রের সমাবেশ ঘটেছে। আপাত নিস্তরংগ ঘরোয়া জীবনের বহুমুখী সম্পর্কের বর্ণালি কিন্তু অসংলগ্ন ও বিচিত্র আলেখ্যর মাধ্যমে লেখক বহুতে ঐক্যের সুষমা দান করেছেন। তাঁর দক্ষতা ঐ নৈপুণ্যেই নিহিত। বিড়ম্বিত জীবনে প্রীতি ও করুণার আশ্বাসই সম্বল।

হুমায়ুন আহমেদ বয়সে তরুণ, মনে প্রাচীন দ্রষ্টা, মেজাজে জীবন রসিক, স্বভাবে রূপদর্শী, যোগ্যতায় দক্ষ রূপকার। ভবিষ্যতে তিনি বিশিষ্ট জীবন শিল্পী হবেন—এই বিশ্বাস ও প্রত্যাশা নিয়ে অপেক্ষা করব।

**ঢাকা বিশ্ববিদ্যালয়** **ডঃ আহমদ শরীফ**

১৬।৬।৭২

আসবি নাকি বাইরে?

দরজা খুলে বেরুতেই চোখে পড়ল কাকা বারান্দায় পা ঝুলিয়ে বসে আছেন। বললাম, 'চেয়ারে বসেন। চেয়ার নিয়ে আসি।'

না থাক।

আমি তাঁর পাশে বসলাম। গরম কোথায়? আশ্বিনের শেষাশেষি একটু শীতই করছে। মাঝে মাঝে ঠাণ্ডা বাতাসও বইছে। মাষ্টার কাকারও বোধ করি মাঝে মাঝে ইনসমনিয়া হয়। কাকা বললেন,

ঘুমুচ্ছিলাম। হঠাৎ ঘুম ভাঙ্গলো। তারপর আর হাজার চেষ্টাতেও ঘুম আসে না।

আমি বললাম,

প্রথম রাত্রিতে ঘুম ভাঙ্গলে এরকম হয়।

কাকা অনেক্ষণ চুপ করে রইলেন। একটা মৃদু দীর্ঘ নিঃশ্বাসের শব্দ শুনলাম। কাকা খুব নীচু গলায় বললেন,

কি মিষ্টি গন্ধ দেখেছিস?

জ্বী, ভীষণ গন্ধ।

আমি যখন শিউলিতলা থাকতাম তখন স্কুলে যাওয়ার পথে একটা কাঁঠাল-চাঁপার গাছ পড়তো, ভারী গন্ধ!

আমার কাকা কাঁঠাল-চাপার গন্ধ বাজে লাগে। বড় বেশী কড়া। কাকা আকাশের দিকে তাকিয়ে বললেন,

আমি তারা দেখে সময় বলতে পারি। এখন প্রায় দুটো।

আমিও আকাশের দিকে তাকালাম। খুব পরিষ্কার আকাশ। ঝক্ ঝক্ করছে তারা। কাকা বললেন,

দেখেছিস কত তারা? খুব যখন তারা উঠে তখন দেশে দুর্ভিক্ষ হয় শুনেছি।

কি আশ্চর্য আবার দেখা হবে ভাবিনি। এখানে কোথায় থাকো তুমি?

তুমি যে বাড়ীতে বিয়ে করেছো আমি সে বাড়ীতেই থাকি। বাচ্চাদের পড়াই।

বাবা বললেন, 'আসবে আমার সঙ্গে?'

মাষ্টার কাকা খুব আগ্রহের সঙ্গে রাজী হলেন। সেই থেকেই তিনি আমাদের সঙ্গে আছেন। বাবা স্কুলের মাষ্টারী জোগাড় করে দিয়েছেন, তাঁর একার বেশ চলে যায় তাতে। তিনি জন্ম থেকেই আমাদের স্মৃতির সঙ্গে গাঁথা। ছোটবেলার কথা যা মনে পড়ে তা হলো মাদুর বিছিয়ে বসে বসে পড়ছি তাঁর ঘরে, রাবেয়াটা হৈ চৈ করছে, মাষ্টার কাকা পড়াতে পড়াতে হঠাৎ অন্যমনস্ক হয়ে বলছেন,

খোকা হাত মেলে ধর আমার সামনে। দু হাত।

কিছুক্ষণ গভীর মনযোগ দিয়ে হাতের দিকে তাকিয়ে থেকে আবার অন্যমনস্কতা, বিড় বিড় করে কথা বলা। কান পাতলেই শোনা যায় বলছেন, 'সব ভাগ্য নিয়ন্ত্রিত। বৃত্ত দিয়ে ঘেরা। এর বাইরে কেউ যেতে পারবেনা। আমি না, খোকা তুইও না।' বাবার সঙ্গে বিশেষ কথা হতো না তাঁর। বাবা নিজে কম কথার মানুষ মাষ্টার কাকাও নির্লিপ্ত প্রকৃতির।

মাষ্টার কাকাকে বাইরে থেকে শান্ত প্রকৃতির মনে হলেও তাঁর ভেতরে একটা প্রচণ্ড অস্থিরতা ছিল। যখন স্কুলে পড়তাম তখন তিনি এষ্ট্রলজি নিয়ে খুব মেতেছেন। কাজ কর্মেও তাঁর মানসিক অস্থিরতার প্রত্যক্ষ প্রভাব পড়ছে। গভীর রাতে খড়ম পায়ে হেঁটে বেড়াতেন। খট খট শব্দ শুনে কতবার ঘুম ভেঙ্গে গেছে, কতবার মাকে আঁকড়ে ধরেছি ভয়ে। মা বলেছেন, 'ভয় কি খোকা, ভয় কি? ও তোর মাষ্টার কাকা।'

